নতুন ধারার দৈনিক
আমাদের সময়

# উত্তরা ইউনিভার্সিটিতে বার্ষিক গবেষণা ও প্রকাশনা পুরস্কার ২০২৬ প্রদান

**সংবাদ বিজ্ঞপ্তি**

**১৫ সেপ্টেম্বর ২০২৬, ১০:৪৭ পিএম**




গবেষণা ও প্রকাশনায় অনন্য অবদানের জন্য শিক্ষক ও গবেষকদের স্বীকৃতি জানাতে উত্তরা ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে 'বার্ষিক গবেষণা ও প্রকাশনা পুরস্কার ২০২৬'। গতকাল ১৪ সেপ্টেম্বর (সোমবার) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের মাল্টিপারপাস হলে আয়োজিত এই অনুষ্ঠানে ৮২ জন শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীকে সম্মাননা, অর্থ পুরস্কার এবং সনদ প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ট্রেনিং' (সিআরটি) আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইসিসিডিআর,বি-র সিনিয়র সায়েন্টিস্ট ড. ফিরদৌসী কাদরী এবং মানবসম্পদ উপদেষ্টা ড. মো. মোশাররফ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিআরটি-এর পরিচালক প্রফেসর ড. মো. সুলতানুল ইসলাম।

২০২৫ সালে ওয়েব অব সায়েন্স ও স্কোপাস-এ প্রকাশিত মানসম্মত গবেষণা ও একাডেমিক অবদানের জন্য শিক্ষক-গবেষকদের এই স্বীকৃতি দেওয়া হয়। এতে তিনটি বিশেষ ক্যাটাগরিতে সেরা গবেষকদের পুরস্কৃত করা হয়:

- বেস্ট হাই ইমপ্যাক্ট পাবলিকেশন অ্যাওয়ার্ড: নূর আহাম্মদ
-
- মোস্ট পাবলিশড পেপার অ্যাওয়ার্ড: ড. মো. শফিউল আলম চৌধুরী
-
- বেস্ট আর্লি ক্যারিয়ার রিসার্চার অ্যাওয়ার্ড: মো. হানিফ মুন্সি

বিশেষ অতিথির বক্তব্যে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানী ড. ফিরদৌসী কাদরী জনস্বাস্থ্য ও জীব বিজ্ঞানের মতো গুরুত্বপূর্ণ খাতে গবেষণার পরিধি বাড়াতে নারী গবেষকদের এগিয়ে আসার আহ্বান জানান। উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা উত্তরা ইউনিভার্সিটিকে আন্তর্জাতিক মানের গবেষণাভিত্তিক বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে ভবিষ্যতে বাজেট বরাদ্দ, উদ্ভাবন এবং বৈশ্বিক অংশীদারিত্ব বৃদ্ধির প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

বিশেষ অতিথির বক্তব্যে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানী ড. ফিরদৌসী কাদরী জনস্বাস্থ্য ও জীব বিজ্ঞানের মতো গুরুত্বপূর্ণ খাতে গবেষণার পরিধি বাড়াতে নারী গবেষকদের এগিয়ে আসার আহ্বান জানান। উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা উত্তরা ইউনিভার্সিটিকে আন্তর্জাতিক মানের গবেষণাভিত্তিক বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে ভবিষ্যতে বাজেট বরাদ্দ, উদ্ভাবন এবং বৈশ্বিক অংশীদারিত্ব বৃদ্ধির প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

অনুষ্ঠানে উত্তরা ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ প্রফেসর হাসপিয়া বশিরুল্লাহ, সিআরটি-এর সহযোগী পরিচালক ড. সালেহ আহমদসহ প্রায় ৩০০ জন পূর্ণকালীন শিক্ষক অংশগ্রহণ করেন।